গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
(www.bnfe.gov.bd)

স্মারক: ৩৮.০০.০০০০.৩০১.৯৯.০৪৬.০৬-১১০৫

তারিখ: ০৪ শ্রাবণ ১৪৩৩ / ১৯ জুলাই ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম চৌধুরী, প্রাক্তন স্টোর কিপার (১৬তম গ্রেড) উপজেলা উপানুষ্ঠানিক কর্মকর্তা (১০ম গ্রেড) দৌলতপুর, মানিকগঞ্জ হিসেবে কর্মরত, এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজুপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

০২। যেহেতু, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর স্থাবর-অস্থাবর সম্পত্তির ইনভেন্ট্রি তৈরি করা, গোডাউন পরিষ্কার করার জন্য দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা এবং স্টক রেজিস্টার হালনাগাদ করে দেখানোর জন্য পুনঃ পুনঃ অনুরোধ করা হলেও তিনি উক্ত কার্যক্রম সম্পন্ন করা জন্য সময় বৃদ্ধির আবেদন করেন এবং বর্ধিত সময় নিয়েও তাঁর কার্যক্রম ৩০.১২.২০২৫খ্রি. তারিখ পর্যন্ত সম্পন্ন করেন নাই। তিনি লজিস্টিকস শাখার স্টক রেজিস্টার ব্যবহারের জন্য স্টোর অফিসারের কোন প্রত্যয়ন গ্রহণ করেন নাই; এবং

০৩। যেহেতু, তিনি স্টক রেজিস্টারে কম্পিউটার ইনভেনট্রিতে ক্রমিক ৩ এ গ্রহীতার স্বাক্ষর করেন নাই, তিনি স্টক রেজিস্টারে কম্পিউটারের ইনভেনট্রিতে ক্রমিক ৫ এ কম্পিউটরের হিসাব দেখাতে পারেন নাই, তিনি স্টক রেজিস্টারে পরিচালক প্রশাসন ও অর্থ মহোদয়ের ব্যবহার করা স্ক্যানারের ইনভেন্ট্রি করেন নাই, তিনি স্টক রেজিস্টারে সহকারী পরিচালক (মনি. ও মুল্যা.) ব্যবহার করা স্ক্যানারের ইনভেন্ট্রি করেন নাই, তিনি স্টক রেজিস্টারে অধিকাংশ আসবাবপত্র, ফ্যান এবং কম্পিউটার সরঞ্জাম ইনভেন্ট্রি করেন নাই, তিনি স্টক রেজিস্টারে কর্মকর্তাদের সাইড টেবিলের কোন হিসাব সংরক্ষণ করেন নাই, তিনি স্টক রেজিস্টারে কর্মকর্তাদের চেয়ারের কোন হিসাব সংরক্ষণ করেন নাই, তিনি স্টক রেজিস্টারে সহকারী পরিচালক (মনি. ও মুল্যা.) এর ব্যবহার করা এসির কোন তথ্য প্রদর্শন করতে পারেন নাই, তিনি স্টক রেজিস্টারে আউট অব স্কুল চিলড্রেন কর্মসূচি থেকে প্রাপ্ত মালামালের কোন হিসাব সংরক্ষণ করেন নাই, তিনি স্টক রেজিস্টারে বিএলপি (৬৪ জেলা) থেকে প্রাপ্ত মালামালের কোন হিসাব সংরক্ষণ করেন নাই, আপনি স্টক রেজিস্টারে বিভিন্ন ফ্লোরে প্যাসেজে ব্যবহৃত সিলিং ফ্যানের হিসাব উপস্থাপন করতে পারেন নাই, তিনি স্টক রেজিস্টারে স্টক রেজিস্টারের পৃষ্ঠা ব্যবহারের ক্ষেত্রে ধারাবাহিকতা না রেখে গ্যাপ দিয়ে লেনদেন দেখিয়েছেন, তিনি স্টক রেজিস্টারে এ-ফোর সাইজের কাগজ স্টক ৩৪০ রিম দেখিয়েছেন কিন্তু বাস্তবে পাওয়া গেছে ৬৪ রিম, তিনি স্টক রেজিস্টারে লিগ্যাল সাইজের কাগজ স্টক ৩০ রিম দেখিয়েছেন কিন্তু বাস্তবে পাওয়া গেছে ১২ রিম, তিনি স্টক রেজিস্টারে ১২এ টোনার স্টক দেখিয়েছেন ১০টি কিন্তু বাস্তবে আছে ৫টি, তিনি স্টক রেজিস্টারে ১০৭এ টোনার স্টক দেখিয়েছেন ১৪টি কিন্তু বাস্তবে আছে ১৩টি, তিনি স্টক রেজিস্টারে ২৬এ টোনার স্টক দেখিয়েছেন ১০টি কিন্তু বাস্তবে একটাও নাই, তিনি স্টক রেজিস্টারে ৪০৪এ টোনার স্টক রেজিস্টারে দেখিয়েছেন ০৬টি কিন্তু বাস্তবে একটাও নাই, আপনি স্টক রেজিস্টারে ১০০৮এ টোনার স্টক দেখিয়েছেন ২টি কিন্তু বাস্তবে আছে ১টি, তিনি স্টক রেজিস্টারে ৪১০৩এ টোনার স্টক দেখিয়েছেন ০১টি কিন্তু বাস্তবে আছে ২টি, তিনি স্টক রেজিস্টার থেকে কোনো মালামাল বিতরণের কোন রিকুইজিশন স্লিপ দেখাতে পারেননি, তিনি স্টক রেজিস্টারে পেডেস্টাল ফ্যানের কোন হিসাব দেখাতে পারেন নাই, তিনি স্টক রেজিস্টারে স্টক জমা, অবশিষ্ট ভাউচার নম্বর ইত্যাদি উল্লেখ না করে বিতরণ করা দেখিয়েছেন তাছাড়া লেখার ধরণ দেখে মনে হয়েছে নিয়মিত এন্ট্রি না দিয়ে এক দিনে একাধিক এন্ট্রি করেছেন, তিনি স্টক রেজিস্টারে স্টক বিতরণের ক্ষেত্রে স্টোর অফিসারের কোন সম্পৃক্ততা বা স্বাক্ষর গ্রহণ করেননি, তিনি স্টক রেজিস্টারে ফুল প্লেট স্টক দেখিয়েছেন ২৩টি বাস্তবে আছে ২১টি, তিনি স্টক রেজিস্টারের ৩৭১ পৃষ্ঠার ক্রোকারিজ বিতরণের কোন তালিকা বা রিকুইজিশন স্লিপ প্রদর্শন করতে পারেন নাই, তিনি স্টক রেজিস্টারে টেলিফোন সেট বিতরণের কোন তথ্য সংরক্ষণ করেননি, তিনি স্টক রেজিস্টারে দেয়াল ঘড়ি ও ছাতা বিতরণের কোন তথ্য সংরক্ষণ করেন নাই, তিনি স্টক রেজিস্টারে ২৮.১০.২০২৫ তারিখ টয়লেট টিস্যু ৬০০ এন্ট্রি দেখালেও বাস্তবে তা প্রদর্শন করেতে পারেন নাই এবং তা বিতরণ করা হয়নি, স্টক রেজিস্টারে অডোনিল এন্ট্রি করেছেন ২০টি কিন্ত বাস্তবে তা নাই, তিনি স্টক রেজিস্টারে ডিটারজেন্ট এন্ট্রি করেছেন ২০টি কিন্তু বাস্তবে আছে ১০টি, তিনি স্টক রেজিস্টারে এরোসল এন্ট্রি দেখিয়েছেন ১৬টি কিন্ত বাস্তবে আছে ১টি, তিনি স্টক রেজিস্টারে ১ লিটারের স্যাভলন লিকুইড ৫৬টি সংরক্ষণ দেখিয়েছেন যার মেয়াদ ২০২৪ সালের এপ্রিল মাসে উত্তীর্ণ হয়ে গেছে, তিনি ৩ লিটারের ফিনাইল বাস্তবে দেখিয়েছেন ১৮টি কিন্তু স্টক রেজিস্টারে একটিও উল্লেখ নাই, তিনি স্টোর সংক্রান্ত সফটওয়্যারে সকল মালামাল অন্তর্ভূক্তির হালনাগাদ তথ্য দেখাতে পারেন নাই;

০৪। যেহেতু, তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজুপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

০৫। যেহেতু, তিনি জবাব দাখিলের জন্য সময় বৃদ্ধির আবেদন করেন এবং কর্তৃপক্ষ সময় বৃদ্ধি মঞ্জুর করেন;

০৬। যেহেতু, তিনি বর্ধিত সময় প্রাপ্তির পর লিখিত আবেদনে আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানিতে ইচ্ছা পোষণ করেন;

০৭। যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীতে তাঁর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেন;

০৮। যেহেতু, উত্থাপিত অভিযোগের প্রাথমিক অনুসন্ধান পর্বে তার লিখিত জবাব ও তৎকৃত অসদাচরণের স্বীকারোক্তি এবং বিভাগীয় মামলা রুজু হবার পর অভিযোগ বিষয়ে তার লিখিত জবাব ব্যক্তিগত শুনানীতে অপরাধের স্বীকারোক্তি এবং নথি পর্যালোচনায় তার বিরুদ্ধে "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় এবং তাঁর সার্ভিস রেকর্ড, স্বীকারোক্তি, সামগ্রিকতা ও অভিযোগের গুরুত্ব বিবেচনায় তাঁকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

০৯। সেহেতু, অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ শফিকুল ইসলাম চৌধুরী, প্রাক্তন স্টোর কিপার (১৬তম গ্রেড) উপজেলা উপানুষ্ঠানিক কর্মকর্তা (১০ম গ্রেড) দৌলতপুর, মানিকগঞ্জ হিসেবে কর্মরত-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার বিধি ৪(২)(খ) অনুযায়ী পরবর্তী তিন বছরের জন্য "বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত" রাখার লঘুদন্ড প্রদান করা হলো। স্থগিতকৃত বার্ষিক বর্ধিত বেতন তিনি ভবিষ্যতে বকেয়া হিসেবে দাবি করতে পারবেন না।

১০। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত
তারিখ ১৯.০৭.২০২৬
এ এস এম মুস্তাফিজুর রহমান
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২-২২৬৬০১১১০
ই-মেইল: dg@bnfe.gov.bd

স্মারক: ৩৮.০০.০০০০.৩০১.৯৯.০৪৬.০৬-১১০৫

তারিখ: ০৪ শ্রাবণ ১৪৩৩
১৯ জুলাই ২০২৬

অনুলিপি জ্ঞাতার্থে/ কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। পরিচালক .............. (সকল), উশিব্যু।
৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৪। সিস্টেম এনালিস্ট, উশিব্যু (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। উপপরিচালক, ফরম ও প্রকাশনা অফিস (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ), তেজগাঁও শি/এ, ঢাকা।
৬। উপপরিচালক ...................... (সকল), উশিব্যু।
৭। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মানিকগঞ্জ।
৮। সহকারী পরিচালক ......................(সকল), উশিব্যু/ জেউশিব্যু।
৯। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দৌলতপুর, মানিকগঞ্জ।
১০। উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কর্মকর্তা .................. (সকল), জেলা................ ।
১১। জনাব মোঃ শফিকুল ইসলাম চৌধুরী, স্টোর কিপার (উপজেলা উপানুষ্ঠানিক কর্মকর্তা, দৌলতপুর, মানিকগঞ্জ হিসেবে কর্মরত ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। অফিস কপি।

১৯.০৭.২৬
মোঃ মাহবুব আলম
উপপরিচালক (ব্যক্তি প্রশাসন)
ফোন: ০২-২২৬৬০১১১৬

E:\...Letter ...docx